

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭২৭

১৭/ হক ও অধিকার

পরিচ্ছেদঃ পিতা-মাতার সাথে সদ্ধবহার

আরবী

وَعَن أَبِي عِيسَى المُغِيرَةِ بِنِ شُعبَةَ عَنِ النَّبِيِّ عَيْلِ قَالَ إِنَّ اللهَ تَعَالَى حَرَّمَ عَلَيْكُمْ: عُقُوقَ الأُمَّهَاتِ وَمَنْعاً وَهَاتِ وَوَأْدَ البَنَاتِ وكَرِهَ لَكُمْ: قِيلَ وَقالَ وَكَثْرَةَ السُّوَّالِ وَإِضَاعَةَ المَالِ مَتْفَقٌ عليه

বাংলা

(১৭২৭) আবূ ঈসা মুগীরা বিন শু'বাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, অবশ্যই আল্লাহ তোমাদের জন্য (তিনটি কর্মকে) হারাম করেছেন; মায়ের অবাধ্যাচরণ করা, অধিকার প্রদানে বিরত থাকা ও অনধিকার কিছু প্রার্থনা করা এবং কন্যা জীবন্ত প্রোথিত করা। আর তিনি তোমাদের জন্য অপছন্দ করেছেন (তিনটি কর্ম); ভিত্তিহীন বাজে কথা বলা (বা জনরবে থাকা), অধিক (অনাবশ্যক) প্রশ্ন করা (অথবা প্রয়োজনের অধিক চাওয়া) এবং ধন-মাল বিনষ্ট (অপচয়) করা।

ফুটনোট

(বুখারী ৫৯৭৫, মুসলিম ৪৫৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবন শু'বা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন